

তারিখ, ১৫ মাঘ ১৪১৬ বঙ্গাব্দ/২৮ জানুয়ারি ২০১০ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২৮-আইন/২০১০।—Income Tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বিদেশী প্রকর্মী (Technician) এর বেতন আয়ের উপর, নিম্নবর্ণিত শর্ত এবং ব্যতিক্রম সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:—

**শর্তসমূহ:**

- (ক) যেই সকল শিল্প প্রতিষ্ঠান ২২ মার্চ ২০০৯ এর মধ্যে বেপজা কর্তৃক শিল্প স্থাপনের অনুমতি প্রাপ্ত হইয়াছে এবং ২০১২ এর মধ্যে বাণিজ্যিক উৎপাদন শুরু করিবে, সেই সকল শিল্প প্রতিষ্ঠানে কোন বিদেশী 'প্রকর্মী' (Technician) কর্মে নিয়োগকৃত হইলে, তাহার বাংলাদেশে আগমনের পর উৎপাদন শুরুর পর হইতে ০৫ (পাঁচ) বৎসর, যাহা আগে ঘটে;
- (খ) সংশ্লিষ্ট বিদেশী 'প্রকর্মী'র কাজে যোগদানের এক বৎসরের মধ্যে তাহার পাসপোর্টের কপি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের কপি, বেপজার ওয়ার্ক পারমিট এবং কন্ট্রাক্ট অব সার্ভিসসহ বর্ণিত অব্যাহতির জন্য জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করিতে হইবে;
- (গ) আবেদনপত্রের সাথে কোম্পানীর মেমোরেন্ডাম অব আর্টিকেলস এর কপি, কোম্পানীর ইনকর্পোরেশন সার্টিফিকেটের কপি দাখিল করিতে হইবে;
- (ঘ) বিদেশী 'প্রকর্মী' যেই দেশের নাগরিক সেই দেশের সাথে বাংলাদেশের দ্বৈত কর পরিহার চুক্তি বলবৎ থাকিতে হইবে;
- (ঙ) জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

**ব্যতিক্রম:** বিদেশী 'প্রকর্মী' ইতিপূর্বে বাংলাদেশে আগমন করিয়া ৩৬৫ দিনের বেশী অবস্থান করিলে অথবা বাংলাদেশে নিবাসী হইলে তিনি এই প্রজ্ঞাপনে বর্ণিত কর অব্যাহতির সুবিধা পাইবেন না।

**Explanation:** The word 'Technician' as used in this notification means a person who possesses specialised knowledge in industrial arts and sciences and has experience in industrial practice and whose employment in Bangladesh, irrespective of his designation, is in a capacity in which such specialised knowledge and experience are brought into play.

**Bangladesh Tax Update**

[www.kdroy.com.bd/www.ltr.com.bd](http://www.kdroy.com.bd/www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে,

সৈয়দ মোঃ আমিনুল করিম

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

[www.kdroy.com.bd/www.ltr.com.bd](http://www.kdroy.com.bd/www.ltr.com.bd)